# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০১৯-২০২০/৩৮৪ তারিখ ঃ ০৭/১২/২০১৯ইং

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১৫/১২/২০১৯ তারিখ রোজঃ রবিবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। রোকেয়া দিবস/২০১৯ উদযাপন বিষয়ে আলোচনা।
৩।(অক্টোবর-ডিসেম্বর/২০১৯) কোয়াটারে নারী কম্পিউটার প্রশিক্ষনার্থীদের মাঝে যাতায়াত ভাতাসহ আনুষাঙ্গিক খরচাদি বিষয়ে আলোচনা।
৪। বিবিধ।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

..........................................................

..........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১৫/১২/২০১৯ ইং
রোজ ঃ রবিবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।

**সিদ্ধান্ত ঃ** সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য সূচী-৩। রোকেয়া দিবস/২০১৯ উদযাপন বিষয়ে আলোচনা।

আলোচনা ঃ সভাপতি মহোদয় বলেন, নারী জাগরনের পথিকৃৎ বেগম রোকেয়ার স্মরণে রোকেয়া দিবস উদ্‌যাপনের জন্য UGIIP-III প্রকল্প অফিসের স্মারক নং ৪৬.০২.০০০০.৭৯৬.১৪.০১.২০১৭/২৭৪৮(৩৫) তারিখঃ ২১/১১/২০১৯ ইং পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করেছেন। তার প্রেক্ষিতে রোকেয়া দিবস যথাযথ ভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প অফিস থেকে প্রেরীত দিক নিদের্শনা মুলক চিঠিটি এ কমিটির সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সকলের অবগতির জন্য পাঠ করে শোনান। প্রেরীত চিঠির নিদের্শনা অনুযায়ী রোকেয়া দিবস সফল ভাবে উদযাপনের জন্য পৌর পরিষদের নেতৃত্বে বিভিন্ন কার্যক্রম ও বিভিন্ন প্রদক্ষেপ সমুহ সম্মানিত কাউন্সিলর বৃন্দ, পৌর কর্মকর্তা/কর্মচারী বর্গের মাঝে ভাগ করে দেওয়া হয়েছে যাতে সকল কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের মাধ্যমে রোকেয়া দিবস জয়পুরহাট পৌরসভায় সফল ভাবে উদযাপিত হয়। আলোচ্য বিষয় নিয়ে এ কমিটির সম্মানিত সদস্য জনাবা মিসেস রোজী বেগম বলেন, আমরা জানি ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া জন্ম ও মৃত্যু দিবস হিসেবে এই দিনটিকে রোকেয়া দিবস হিসেবে উপযাপন করা হয়। জয়পুরহাট পৌরসভায় ০৯ ডিসেম্বর/২০১৯ ইং তারিখে রোকেয়া দিবস উদযাপন করা হয়নি। এ প্রশ্নের আলোকে এ কমিটির সভাপতি জনাবা মোছাঃ ফেন্সি আরা বলেন, মেয়র মহোদয়ের সাথে রোকেয়া দিবস উদযাপন বিষয়ে আলোচনা কালে, মেয়র মহোদয় আগামী ২৯/১২/২০১৯ ইং তারিখে রোকেয়া দিবস উদযাপন ও উপস্থিত থাকার জন্য সম্মতি প্রদান করেন। আগামী ২৯/১২/২০১৯ ইং তারিখে রোকেয়া দিবস উদযাপনের জন্য উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্তে উপনীত হন।

সিদ্ধান্ত ঃ

(ক) প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক স্ব স্ব ওয়ার্ড কাউন্সিলর বিশেষ করে মহিলা কাউন্সিলর মহোদয়ের তত্ত্বাবধানে প্রতিটি ওয়ার্ড থেকে ১৫ জন (অধিকাংশ নারী ) অংশগ্রহণকারীগনকে রোকেয়া দিবস র‍্যালীতে অংশগ্রহনের বিষয়ে নিশ্চিত করা ।

(খ) সকল ওয়ার্ড থেকে আগত ক্ষুদ্র ক্ষুদ্র র‍্যালী পৌর চত্তরে জমায়েত হয়ে ব্যানার পোষ্টার ফেসটুন বহনের মাধ্যমে এক বিশাল বর্ণাঢ্য র‍্যালী পৌরসভার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) সড়ক প্রদক্ষিন শেষে বিশাল র‍্যালী পৌর চত্বরে সমবেত হয়ে সম্মানিত মেয়র মহোদয়ের সভাপতিত্বে নারী অধিকার বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) আলোচনা সভা শেষে সকল অংশগ্রহণকারীগণের মাঝে নাস্তার প্যাকেট বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**৩নং আলোচ্য বিষয় ঃ (অক্টোবর-ডিসেম্বর/২০১৯) কোয়াটারে নারী কম্পিউটার প্রশিক্ষনার্থীদের মাঝে যাতাযাত ভাতাসহ আনুষাঙ্গিক খরচাদি বিষয়ে আলোচনা।**

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, মেয়র মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে(অক্টোবর-ডিসেম্বর/২০১৯) কোয়াটারে ১৪ (চৌদ্দ) জন নারীকে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে এবং এ মাসের শেষে অর্থাৎ ডিসেম্বর/১৯ মাসের শেষ দিকে ৬০দিন ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হবে। প্রশিক্ষণ কার্যক্রমে ব্যয়ের বিবরণী সভায় তুলে ধরার জন্য সভাপতি এ কমিটির সদস্য সচিব মোঃ হাসানুজ্জামান কে বললে, মোঃ হাসানুজ্জামান নারীদের কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রমে জয়পুরহাট পৌরসভার GAP বাস্তবায়নের আওতায় পৌর রাজস্ব বাজেট হতে প্রশিক্ষণার্থীদের মাঝে যাতাযাত ভাতাসহ আনুষাঙ্গিক খরচের বিবরণী নিম্নোক্ত ভাবে তুলে ধরেন।

| ক্রঃনং | বর্ণনা | জন/সংখ্যা | প্রতি দিন | প্রতিদিনের খরচ | মোট দিন | মোট খরচ |
|---|---|---|---|---|---|---|
| ১ | প্রশিক্ষণার্থীদের যাতায়াত খরচ | ১৪ | ১০০ | ১৪০০ | ৬০ | ৮৪,০০০/- |
| ২ | প্রশিক্ষকের সম্মানী | ২ | ৪০০ | ৮০০ | ৬০ | ৪৮,০০০/- |
| ৩ | নাস্তা | ১৬ | ১০ | ১৬০ | ৬০ | ৯,৬০০/- |
| ৪ | কলম, নোট প্যাড ও ফোল্ডার | ১৪ | ১৪০ | ১৯৬০ | ০১ | ১৯৬০/- |
| | | | | | সর্বমোট | ১,৪৩,৫৬০/- |

কথায় ঃ (এক লক্ষ তেতাল্লিশ হাজার পাঁচশত ষাট) টাকা মাত্র।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনা অন্তে উপস্থিত সদস্যগণ(অক্টোবর-ডিসেম্বর/২০১৯) কোয়াটারে নারী কম্পিউটার প্রশিক্ষনার্থীদের মাঝে যাতাযাত ভাতাসহ আনুষাঙ্গিক খরচাদি জন্য উত্থাপিত বাজেট সর্ব সম্মতিক্রমে অনুমোদন করেন এবং মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা বাজেট অনুযায়ী অগ্রিম উত্তোলন করে খরচাদি করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০১৯-২০২০/ ৩৭৬ তারিখ ঃ ১৫/১২/১৯ ইং

**অনুলিপিঃসদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো।** ...ক্টোবর-ডিসেম্বর/২০১৯) কোয়াটারে নারী কম্পিউটার প্রশিক্ষনার্থীদের মাঝে

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১৫/১২/২০১৯ ইং।

রোজ ঃ রবিবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | [signature] |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | [signature] |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৪, জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | [signature] |